

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০০

সোনামুড়া, ১৭ নভেম্বর, ২০২৩

মোহনভোগ ব্লকভিত্তিক যুব উৎসব

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং মোহনভোগ ব্লকের সহযোগিতায় গতকাল উত্তর তৈবান্দাল মালটিপারপাস কমিউনিটি হলে মোহনভোগ ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। এই উৎসবের অনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধায়ক বিন্দু দেবনাথ। সভাপতিত্ব করেন মোহনভোগ ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান বাসল্য কুমার নোয়াতিয়া। উদ্বোধকের ভাষণে বিধায়ক বিন্দু দেবনাথ যুব সম্প্রদায়ের মধ্যে সাংস্কৃতিক বোধকে জাগিয়ে তুলতে যুব উৎসবের গুরুত্বের কথা উল্লেখ করেন। তিনি বলেন কৃষ্টি ও সংস্কৃতি চর্চার মধ্য দিয়ে নতুন প্রজন্মকে সমাজের সঠিক পথে এগিয়ে নিতে হবে। এছাড়া বক্তব্য রাখেন মোহনভোগ পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান জিতেন্দ্র দাস। স্বাগত ভাষণ দেন সোনামুড়া মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের ইয়ুথ প্রোগ্রাম অফিসার মধুসূদন দেববর্মা। উপস্থিত ছিলেন এমডিসি পদলোচন ত্রিপুরা, মোহনভোগ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীবাস ভৌমিক, মোহনভোগ ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান নীরব মনি দেববর্মা প্রমুখ।
